দৈনিক বাংলা

তারিখ ... 28 FEB 1993 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৫ ...

# শিক্ষাঙ্গনে সন্ত্রাস দমনে কঠোর ব্যবস্থা নেয়া হচ্ছে ঃ স্বরাষ্ট্রমন্ত্রী

রূপগঞ্জ (নারায়ণগঞ্জ), ২৭ ফেব্রুয়ারী।- স্বরাষ্ট্রমন্ত্রী আবদুল মতিন চৌধুরী বলেছেন, শিক্ষাঙ্গনে সন্ত্রাস দমনে সরকার কঠোর পদক্ষেপ গ্রহণ করছে। তিনি বলেন, রাজনৈতিক মদদপুষ্ট কিছু সন্ত্রাসী তৎপরতা শিক্ষাঙ্গনের স্বাভাবিক পরিবেশ ব্যাহত করছে। তিনি সন্ত্রাস ও সহিংসতা বন্ধে রাজনৈতিক মতাদর্শ নির্বিশেষে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান।

মন্ত্রী আজ বিকালে রূপগঞ্জ থানার মুড়াপাড়া কলেজ প্রাঙ্গণে মুড়াপাড়া কলেজ ছাত্র সংসদের অভিষেক অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

তিনি বলেন, শিক্ষাঙ্গনে, সহিংসতা ও অব্যাহত সন্ত্রাসের প্রেক্ষিতে সুস্থ ছাত্র

(৫-এর পৃঃ দ্রঃ)

**স্বরাষ্ট্রমন্ত্রী** (প্রথম পাতার পর)

রাজনীতি হুমকির সম্মুখীন হচ্ছে। তিনি বলেন, ছাত্রদের প্রধানত পড়ালেখায় মনোনিবেশ করা উচিত, যাতে তারা দেশের যোগ্য উত্তরসূরী ও কর্ণধার হতে পারে। তিনি মুড়াপাড়া কলেজ ও স্কুলকে সরকারীকরণে সরকারের সিদ্ধান্তের কথা ঘোষণা করেন।

কলেজের অধ্যক্ষ মুহম্মদ আমির উদ্দিন-এর সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে জাতীয় সংসদ সদস্য রেজাউল করিম, আতাউর রহমান খান, ডাকসু সাধারণ সম্পাদক খায়রুল কবির খোকন, ছাত্রদল কেন্দ্রীয় যুগ্ম আহবায়ক ফজলুল হক মিলন বক্তৃতা করেন। খবর তথ্য বিবরণীর।